

## স্পিরিটের ৫৭ কোটি ডলারের বেশি লোকসান

- A Monitor Desk Report

Date: 06 March, 2025



**যুক্তরাষ্ট্র:** গত বছরের চতুর্থ প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর) ৫৭ কোটি ৭০ লাখ ডলার লোকসান দিয়েছে যুক্তরাষ্ট্রভিত্তিক উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান স্পিরিট অ্যারোসিস্টেমস।

গত বছরের চতুর্থ প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর) ৫৭ কোটি ৭০ লাখ ডলার লোকসান দিয়েছে যুক্তরাষ্ট্রভিত্তিক উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান স্পিরিট অ্যারোসিস্টেমস। প্রতিষ্ঠানটির সাম্প্রতিক আর্থিক প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। এর আগে ২০২৩ সালের একই প্রান্তিকে স্পিরিট ২১ কোটি ৫০ লাখ ডলার পরিচালন মুনাফা অর্জন করেছিল। খবর রয়টার্স।

প্রতিবেদন অনুসারে, ২০২৩ সালের শেষ প্রান্তিকে প্রধান গ্রাহক বোয়িংয়ের সঙ্গে হওয়া একটি অর্থায়ন চুক্তির কারণেই মুনাফার পাল্লা ভারি ছিল স্পিরিটে। তবে ২০২৪ সালে সামগ্রিকভাবে বার্ষিক ২১০ কোটি ডলার লোকসান করেছে কোম্পানিটি।

চলমান পরিস্থিতিতে স্পিরিট অ্যারোসিস্টেমসের ব্যবসা চালিয়ে যাওয়ার জন্য অতিরিক্ত অর্থায়ন প্রয়োজন হবে। এমনকি যুক্তরাষ্ট্রভিত্তিক এ উড়োজাহাজ নির্মাতা ভবিষ্যতে লোকসানের ধারা অব্যাহত রাখতে পারে বলেও আশঙ্কা করছেন প্রতিষ্ঠানের কর্তাব্যক্তির।

অবশ্য এরই মধ্যে স্পিরিট অ্যারোসিস্টেমসকে নগদ অর্থ সহায়তা দিতে সম্মতির কথা জানিয়েছে অন্যতম প্রধান দুই গ্রাহক বোয়িং ও তার ইউরোপীয় প্রতিদ্বন্দ্বী এয়ারবাস। বোয়িং প্রতিষ্ঠানটিকে ৩৫ কোটি ডলার অগ্রিম এবং এয়ারবাস ১০ কোটি ৭০ লাখ ডলার বিনা সুদের ঋণ দেয়ার কথা জানিয়েছে।

দুই ক্রেতা প্রতিষ্ঠানের সহায়তা পাওয়ার পর থেকে স্পিরিট অ্যারোসিস্টেমসের নগদ প্রবাহ বেড়েছে। চতুর্থ প্রান্তিকে প্রতিষ্ঠানটির নগদ প্রবাহ ছিল ৯ কোটি ১০ লাখ ডলার, ২০২৩ সালের একই প্রান্তিকে যা ছিল ৪ কোটি ২০ লাখ ডলার। এছাড়া বোয়িং ও এয়ারবাস উভয় ক্রেতাকেই সর্বশেষ প্রান্তিকে আগের প্রান্তিকের তুলনায় বেশি উড়োজাহাজ ও যন্ত্রাংশ ডেলিভারি দেয়া হচ্ছে বলেও দাবি করেছে স্পিরিট অ্যারোসিস্টেমস।

প্রতিষ্ঠানটির আর্থিক কর্মকর্তা আইরিন এসটিভেস জানিয়েছেন, ক্রেতাদের কাছে ৭৩৭ মডেলের উড়োজাহাজের ডেলিভারি আগের তুলনায় দ্বিগুণ হয়েছে, ২২০ মডেলের উড়োজাহাজের ডেলিভারি বেড়েছে ৩৭ শতাংশ এবং ৩৫০ মডেলের উড়োজাহাজের ডেলিভারি বেড়েছে ১৫ শতাংশ পর্যন্ত।

এক বিবৃতিতে আইরিন এসটিভেস বলেছেন, 'এ অগ্রগতি প্রমাণ করে গ্রাহকদের সঠিক সমর্থনের মাধ্যমে আমরা ক্রেতা চাহিদা পূরণ করার পাশাপাশি ভবিষ্যতে আমাদের উৎপাদন বাড়ানোর জন্য বিনিয়োগ করতে পারব।'

**-B**